

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৫৭০০.০১৭.৯৯.০০১.১৬.৭৯৪

তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ।
০৭ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : মেহেরপুর জেলার সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, মেহেরপুর কার্যালয়ের পত্র নং-৩০৭, তারিখ : ০১.০৯.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মেহেরপুর পৌরসভার সীমানা সম্প্রসারণের দাবীতে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩১০৬/২০১৫ এবং ১০৮২৯/১৫ নং রিট মামলা দু'টিতে নির্বাচন সংক্রান্ত কোন স্থিতাবস্থা বা নিষেধাজ্ঞা নেই বিধায় জরুরী ভিত্তিতে উক্ত পৌরসভার নির্বাচনের জন্য নির্বাচন কমিশন সচিবালয়ে পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। ফলে একই মামলাজনিত কারণে নির্বাচন স্থগিত থাকা মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউপির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত ইউপির নির্বাচন অনুষ্ঠান প্রয়োজন।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, মেহেরপুর এর পত্রের মর্মানুযায়ী মেহেরপুর জেলার সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পত্রের ছায়াছবি এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে-বাংলানগর

আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, মেহেরপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মেহেরপুর।

০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।